


দৈনিক
# আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক




শুক্রবার | ৩ ফেব্রুয়ারি ২০২৩ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৩তম বর্ষ ১৫০ সংখ্যা | ২০ মাঘ ১৪২৯ সাল | ১১ রজব ১৪৪৪ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

## প্রিমিয়ার ভার্সিটিতে স্যোসিওলজি বিভাগের ওরিয়েন্টেশন

প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেছেন, বিশ্ববিদ্যালয় হলো বিশ্ববিদ্যার স্থান। এখানে প্রচুর বিষয় পড়ানো হয়। বিষয়গুলো বর্তমানে এতই বিশেষায়িত, সূক্ষ্ম ও গভীর যে, এক বিষয়েই এত শাখা-প্রশাখা আছে। সমাজবিজ্ঞান ও টেকসই উন্নয়ন বিষয়টিও এখন এত শাখা-প্রশাখায় বিস্তার ও বিশেষায়িত রূপ লাভ করেছে যে, তার উপরিস্তরে এক শাখার ছাত্র বা গবেষক অন্য শাখার সূক্ষ্মাতিসূক্ষ্ম বিষয়গুলো সম্পর্কে তেমনকিছুই জানে না, জানতে আগ্রহী হতে পারে না। কিন্তু তোমরা এই বিশ্ববিদ্যালয়ে এই বিষয়ে যা পড়ছো সেখানে তোমাদের এই বিষয় সম্পর্কে একটা মৌল ধারণা দেওয়া হচ্ছে, যার ফলে তোমরা সমাজকে, সমাজের বিভিন্ন বিষয়কে বুঝতে, জ্ঞান আহরণ করতে সক্ষম হবে। তবে বিশ্ববিদ্যালয়সমূহে অন্যান্য বিষয়ের মতো সমাজবিজ্ঞান ও টেকসই উন্নয়ন বিভাগে যে-শিক্ষা তোমরা আহরণ করছো বা করবে, তা তোমাদের আজকের বিশ্বসমাজকে, বাংলাদেশের সমাজকে বুঝতে এবং তাদের আন্তঃসম্পর্ক বুঝতেও সাহায্য করবে। বাংলাদেশে এখনও প্রায় ৪কোটি লোক দারিদ্রসীমার নিচে রয়েছে। তাদের আর্থসামাজিক উন্নয়নে একজন সমাজবিজ্ঞানীর বিশেষ ভূমিকা রয়েছে। তিনি গতকাল বৃহস্পতিবার প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে অনুষ্ঠিত স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের ৭ম ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রামে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। তিনি পরিবার, রাষ্ট্র ও




*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের ওরিয়েন্টেশনে বক্তব্য রাখছেন উপাচার্য ড. অনুপম সেন*

ধর্মকে সমাজের তিনটি মুখ্য প্রতিষ্ঠান বলে অভিহিত করেন। কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক। এছাড়াও বক্তা ছিলেন বিভাগের কো-অর্ডিনেটর ড. সাদিকা সুলতানা চৌধুরী। স্বাগত বক্তা ছিলেন বিভাগের শিক্ষক তানিয়াহ্ মাহমুদা তিন্নি। বিশেষ অতিথির বক্তব্যে উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা নবীনদের উদ্দেশ্যে বলেন, উন্নয়ন ছাড়া মানুষের বিকাশ, সামাজিক বিকাশ সম্ভব নয়। সুতরাং টেকসই উন্নয়নের গুরুত্ব অপরিসীম। তিনি নবীনদের বলেন, কলেজ পেরিয়ে বিশ্ববিদ্যালয়ে এসে যে-স্বাধীনতার স্বাদ পাওয়া যায়, তা এগিয়ে নেওয়ার দায়িত্ব তোমাদের। বিভাগের শিক্ষক অর্পা পালের সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, মানবজীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ সময় হলো বর্তমান। জীবনকে এগিয়ে নিতে হলে, ভবিষ্যৎজীবন উজ্জ্বল করতে হলে বর্তমানকে অবশ্যই যথাযথভাবে ব্যবহার করতে হবে।

শুরুতে নবীন শিক্ষার্থীদের ইউনিভার্সিটির কোড অব কন্ডাক্ট সম্পর্কে বলেন প্রক্টর আহমদ রাজীব চৌধুরী। কেক কেটে নবীন শিক্ষার্থীদের বরণ করার পরে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 03 February 2023, Page: 3, Col: 4
https://edainikazadi.net/index.php?page=1&date=2023-02-3

গ্রেড A ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

চট্টগ্রাম শুক্রবার ৩ ফেব্রুয়ারি ২০২৩
# দৈনিক পূর্বকোণ
মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত
রেজিঃ নম্বর-চ-৮৯ । । ৩৭তম বর্ষ ৩৪৪তম সংখ্যা । । ২০ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ । । ১১ রজব ১৪৪৪ হিজরি । । Friday 3 February 2023 । । ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা
www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

দৈনিকপূর্বকোণ
ব্রেকিং নিউজ
পেতে যে কোন
রবি/এয়ারটেল
নাম্বার থেকে
ডায়াল করুন
*213*3368#
*২.৬৭ টাকা চার্জ প্রযোজ্য




*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্য রাখছেন উপাচার্য ড. অনুপম সেন*

# বিশ্ববিদ্যালয় বিশ্ববিদ্যার স্থান : ড. অনুপম সেন

## প্রিমিয়ার ভার্সিটিতে ওরিয়েন্টেশন প্রোগ্রাম

প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেছেন, বিশ্ববিদ্যালয় হলো বিশ্ববিদ্যার স্থান। এখানে প্রচুর বিষয় পড়ানো হয়। বিষয়গুলো বর্তমানে এতই বিশেষায়িত, সূক্ষ্ম ও গভীর যে, এক বিষয়েই এত শাখা-প্রশাখা আছে যে, শিক্ষার একদম উপরিস্তরে এক বিশেষায়িত শাখার ছাত্র অন্য বিশেষায়িত শাখাটিকে বুঝতে পারে না। সমাজবিজ্ঞান ও টেকসই উন্নয়ন বিষয়টিও এখন এত শাখা-প্রশাখায় বিস্তার ও বিশেষায়িত রূপ লাভ করেছে যে, তার উপরিস্তরে এক শাখার ছাত্র বা গবেষক অন্য শাখার সূক্ষ্মাতিসূক্ষ্ম বিষয়গুলো সম্পর্কে তেমনকিছুই জানে না, জানতে আগ্রহী হতে পারে না। তোমরা এই বিশ্ববিদ্যালয়ে এই বিষয়ে যা পড়ছো সেখানে তোমাদের এই বিষয় সম্পর্কে একটা মৌল ধারণা দেওয়া হচ্ছে, যার ফলে তোমরা সমাজকে, সমাজের বিভিন্ন বিষয়কে বুঝতে, জ্ঞান আহরণ করতে সক্ষম হবে। গতকাল বৃহস্পতিবার প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে অনুষ্ঠিত স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের ৭ম ব্যাচের 'ওরিয়েন্টেশন প্রোগ্রাম ফল ২০২২'-এ প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। কলা ও সমাজ-বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক। এছাড়াও বক্তা ছিলেন বিভাগের কো-অর্ডিনেটর ড. সাদিকা সুলতানা চৌধুরী। স্বাগত বক্তা ছিলেন বিভাগের শিক্ষক তানিয়াহ্‌ মাহমুদা তিন্নি। বিশেষ অতিথির বক্তব্যে উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, উন্নয়ন ছাড়া মানুষের বিকাশ, সামাজিক বিকাশ সম্ভব নয়। সুতরাং টেকসই উন্নয়নের গুরুত্ব অপরিসীম। ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, উন্নয়নের সঙ্গে যদি সমাজ ও সংস্কৃতির মেলবন্ধন না হয়, যদি সেই উন্নয়ন টেকসই না হয়, তাহলে সেই উন্নয়ন যথাযথ হয় না।

স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের শিক্ষক অর্পা পালের সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, মানবজীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ সময় হলো বর্তমান। জীবনকে এগিয়ে নিতে হলে, ভবিষ্যৎজীবন উজ্জ্বল করতে হলে বর্তমানকে অবশ্যই যথাযথভাবে ব্যবহার করতে হবে।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 03 February 2023, Page: 3, Col: 7
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2023-02-3

শুক্রবার
চট্টগ্রাম
৩ ফেব্রুয়ারি ২০২৩
২০ মাঘ ১৪২৯
১১ রজব ১৪৪৪
বর্ষ-১১, সংখ্যা-৫৩

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএন্ডটি ফোন নাম্বার
02-334455071-6
02-334451901-6
মোবাইল নাম্বার
01976-022111
01976-022333
info@phlctg.com /parkviewhospitalctg parkview.com.bd

www.dailypurbodesh.com প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ ৮ পৃষ্ঠা | ৭ টাকা

# বিশ্ববিদ্যালয় হলো বিশ্ববিদ্যার স্থান : ড. অনুপম সেন

সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেছেন, বিশ্ববিদ্যালয় হলো বিশ্ববিদ্যার স্থান। এখানে প্রচুর বিষয় পড়ানো হয়। বিষয়গুলো বর্তমানে এতই বিশেষায়িত, সূক্ষ্ম ও গভীর যে, এক বিষয়েই এত শাখা-প্রশাখা আছে যে, শিক্ষার একদম উপরিস্তরে এক বিশেষায়িত শাখার ছাত্র অন্য বিশেষায়িত শাখাটিকে বুঝতে পারে না। সমাজবিজ্ঞান ও টেকসই উন্নয়ন বিষয়টিও এখন এত শাখা-প্রশাখায় বিস্তার ও বিশেষায়িত রূপ লাভ করেছে যে, তার উপরিস্তরে এক শাখার ছাত্র বা গবেষক অন্য শাখার সূক্ষ্মাতিসূক্ষ্ম বিষয়গুলো সম্পর্কে তেমনকিছুই জানে না, জানতে আগ্রহী হতে পারে না। কিন্তু তোমরা এই বিশ্ববিদ্যালয়ে এই বিষয়ে যা পড়ছো সেখানে তোমাদের এই বিষয় সম্পর্কে একটা মৌল ধারণা দেওয়া হচ্ছে, যার ফলে তোমরা সমাজকে, সমাজের বিভিন্ন বিষয়কে বুঝতে, জ্ঞান আহরণ করতে সক্ষম হবে। পরবর্তীকালে তোমাদের জ্ঞান যখন আরও অনেক উপরিস্তরে উঠবে, তখন হয়ত তোমরা একটি বিষয় নিয়ে তোমাদের গবেষণা করবে। তবে বিশ্ববিদ্যালয়সমূহে অন্যান্য বিষয়ের মতো সমাজবিজ্ঞান ও টেকসই উন্নয়ন বিভাগে যে-শিক্ষা তোমরা আহরণ করছো বা করবে, তা তোমাদের আজকের বিশ্বসমাজকে, বাংলাদেশের সমাজকে বুঝতে এবং তাদের আন্তঃসম্পর্ক বুঝতেও সাহায্য করবে।

২ ফেব্রুয়ারি সকাল ১১টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে অনুষ্ঠিত স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের ৭ম ব্যাচের 'ওরিয়েন্টেশন প্রোগ্রাম ফল ২০২২'-এ প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি পরিবার, রাষ্ট্র ও ধর্মকে সমাজের তিনটি মুখ্য প্রতিষ্ঠান বলে অভিহিত করেন। কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক। এছাড়াও বক্তা ছিলেন বিভাগের কো-অর্ডিনেটর ড. সাদিকা সুলতানা চৌধুরী। স্বাগত বক্তা ছিলেন বিভাগের শিক্ষক তানিয়াহ্ মাহমুদা তিন্নি।

স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের শিক্ষক অর্পা পালের সঞ্চালনায় অনুষ্ঠান শুরুর আগে নবীন শিক্ষার্থীদের প্রিমিয়ার ইউনিভার্সিটির কোড অব কন্ডাক্ট সম্পর্কে বলেন প্রক্টর আহমদ রাজীব চৌধুরী। কেক কেটে নবীন শিক্ষার্থীদের বরণ করার পর সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। বিজ্ঞপ্তি



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্য দেন উপাচার্য ড. অনুপম সেন

Ref: Daily Purbodesh, Date: 03 February 2023, Page: 2, Col: 4
[https://epurbodesh.com/edition/429/৩-ফেব্রুয়ারি-২০২৩/page/2](https://epurbodesh.com/edition/429/৩-ফেব্রুয়ারি-২০২৩/page/2)

চট্টগ্রাম • শুক্রবার • ৩ ফেব্রুয়ারি ২০২৩ • ২০ মাঘ ১৪২৯ • ১১ রজব ১৪৪৪ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৯ সংখ্যা ১৬৮

রূপান্তর নবযাত্রা ৩১

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ জীবন কখনও গল্প ভুলের খেলাঘর

৫ প্রণয় কান্তির কবিতা কালের কষ্টিপাথরে প্রোজ্জ্বল থাকবে

৬ সাফ অনূর্ধ্ব-২০ নারী ফুটবলের পর্দা উঠছে আজ



**'বুবুজান' হয়ে আসছেন মাহি**

ভালোবাসা দিবস উপলক্ষে ১৭ ফেব্রুয়ারি সারাদেশে মুক্তি পেতে যাচ্ছে সমসাময়িক নারী নির্যাতনের ঘটনার প্রেক্ষাপট নিয়ে নির্মিত সিনেমা 'বুবুজান'।

বিস্তারিত ▶ পৃষ্ঠা ৬




প্রিমিয়ার ইউনিভার্সিটিতে স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্য রাখছেন উপাচার্য ড. অনুপম সেন

# বিশ্ববিদ্যালয় হলো বিশ্ববিদ্যার স্থান

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেছেন, বিশ্ববিদ্যালয় হলো বিশ্ববিদ্যার স্থান। এখানে প্রচুর বিষয় পড়ানো হয়।

বিষয়গুলো বর্তমানে এতই বিশেষায়িত, সূক্ষ্ম ও গভীর যে, এক বিষয়েই এত শাখা-প্রশাখা আছে যে, শিক্ষার একদম উপরিস্তরের এক বিশেষায়িত শাখার ছাত্র অন্য বিশেষায়িত শাখাটিকে বুঝতে পারে না। সমাজবিজ্ঞান ও টেকসই উন্নয়ন বিষয়টিও এখন এত শাখা-প্রশাখায় বিস্তারিত ও বিশেষায়িত রূপলাভ করেছে যে, তার উপরিস্তরে এক শাখার ছাত্র বা গবেষক অন্য শাখার সূক্ষ্মাতিসূক্ষ্ম বিষয়গুলো সম্পর্কে তেমন কিছুই জানে না, জানতে আগ্রহীও হতে পারে না।

কিন্তু তোমরা এই বিশ্ববিদ্যালয়ে এই বিষয়ে যা পড়ছ সেখানে তোমাদের এই বিষয় সম্পর্কে একটা মৌলধারণা দেওয়া হচ্ছে। ফলে তোমরা সমাজকে, সমাজের বিভিন্ন বিষয়কে বুঝতে, জ্ঞান আহরণ করতে সক্ষম হবে। পরবর্তীকালে তোমাদের জ্ঞান যখন আরও অনেক উপরিস্তরে উঠবে, তখন হয়ত তোমরা একটি বিষয় নিয়ে তোমাদের গবেষণা করবে। তবে বিশ্ববিদ্যালয়সমূহে অন্যান্য বিষয়ের মতো সমাজবিজ্ঞান ও টেকসই উন্নয়ন বিভাগে যে-শিক্ষা তোমরা আহরণ করছ বা করবে, তা তোমাদের আজকের বিশ্বসমাজকে, বাংলাদেশের সমাজকে বুঝতে এবং তাদের আন্তঃসম্পর্ক বুঝতে সাহায্য করবে।

> প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ে ওরিয়েন্টেশন প্রোগ্রামে ড. অনুপম সেন

উদাহরণস্বরূপ বলা চলে, বর্তমানে বাংলাদেশ ক্রমশ গ্রাম্যসমাজ থেকে, কৃষকসমাজ থেকে নগরায়িত ও শিল্প-সেবাভিত্তিক সমাজে রূপান্তরিত হচ্ছে। তার ফলে নতুন নতুন সামাজিক সমস্যার উদ্ভব হচ্ছে। উন্নয়ন নানা পথে অগ্রসর হয়। যার প্রভাব সমাজে নানাভাবে পড়ে।

যতই তোমাদের সমাজবিজ্ঞান ও টেকসই উন্নয়নপাঠ অগ্রসর হবে, ততই তোমাদের সমাজকে বোঝার ও দেওয়ার নানা ক্ষেত্র উন্মোচিত হবে। এসব সমস্যা উপলব্ধি করে তার সমাধানেও তোমাদের ভূমিকা রাখতে হবে। বাংলাদেশে এখনও প্রায় ৪ কোটি লোক দারিদ্র্যসীমার নিচে রয়েছে। তাদের আর্থসামাজিক উন্নয়নে একজন সমাজবিজ্ঞানীর বিশেষ ভূমিকা রয়েছে।

২ ফেব্রুয়ারি সকাল ১১টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে অনুষ্ঠিত স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের ৭ম ব্যাচের 'ওরিয়েন্টেশন প্রোগ্রাম ফল ২০২২'-এ প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি পরিবার, রাষ্ট্র ও ধর্মকে সমাজের তিনটি মুখ্য প্রতিষ্ঠান বলে অভিহিত করেন।

কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক। এছাড়া বক্তা ছিলেন বিভাগের কোঅর্ডিনেটর ড. সাদিকা সুলতানা চৌধুরী। স্বাগত বক্তা ছিলেন বিভাগের শিক্ষক তানিয়াহ্ মাহমুদা তিন্নি।

বিশেষ অতিথির বক্তব্যে উপউপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা নবীনদের উদ্দেশে বলেন, উন্নয়ন ছাড়া মানুষের বিকাশ, সামাজিক বিকাশ সম্ভব নয়। সুতরাং টেকসই উন্নয়নের গুরুত্ব অপরিসীম। তিনি নবীনদের বলেন, কলেজ পেরিয়ে বিশ্ববিদ্যালয়ে এসে যে-স্বাধীনতার স্বাদ পাওয়া যায়, তা এগিয়ে নেওয়ার দায়িত্ব তোমাদের।

ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, উন্নয়নের সঙ্গে যদি সমাজ ও সংস্কৃতির মেলবন্ধন না হয়, যদি সেই উন্নয়ন টেকসই না হয়, তাহলে সেই উন্নয়ন যথাযথ হয় না।

স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের শিক্ষক অর্পা পালের সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, মানবজীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ সময় হলো বর্তমান। জীবনকে এগিয়ে নিতে হলে, ভবিষ্যৎ জীবন উজ্জ্বল করতে হলে বর্তমানকে অবশ্যই যথাযথভাবে ব্যবহার করতে হবে।

অনুষ্ঠান শুরুর আগে নবীন শিক্ষার্থীদের প্রিমিয়ার ইউনিভার্সিটির কোড অব কন্ডাক্ট সম্পর্কে বলেন প্রক্টর আহমদ রাজীব চৌধুরী। কেক কেটে নবীন শিক্ষার্থীদের বরণ করার পরে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 03 February 2023, Page: 5, Col: 2
https://esuprobhat.com/index.php?page=1&date=2023-02-3